পাকিস্তান-
৪৮২ ও ৪৫/৩
অস্ট্রেলিয়া-২০২
পাকিস্তান এগিয়ে
৩২৫ রানে।

মাঠে - ময়দানে

হরিয়ানা-৩১০/৫
তেহাটিয়া-৯১*
তামিলনাড়ু-২৩৩/৯
অভিনব মুকুন্দ-৪৭

জুভেন্টাসের অনুশীলনে ক্রিশ্চিয়ানো রোনাল্ডো।

ওয়াংখেড়েতে অনিশ্চিত ভারত-ওয়েস্ট একদিনের ম্যাচ

মুম্বই, ৯ অক্টোবর : মধ্যপ্রদেশ ক্রিকেট অ্যাসোসিয়েশনের পর ভারত-ওয়েস্ট ইন্ডিজের একদিনের ম্যাচ আয়োজন থেকে সরে আসতে পারে মুম্বই ক্রিকেট অ্যাসোসিয়েশন। টিকিট বিতর্কে ইন্দোর থেকে ভারত-ওয়েস্ট ইন্ডিজ সিরিজের দ্বিতীয় একদিনের ম্যাচ সরে যাচ্ছে বিশাখাপত্তনমে। এবার সিরিজের চতুর্থ একদিনের ম্যাচ আয়োজন থেকেও সরে দাঁড়াতে পারে এমসিএ। ২৯ অক্টোবর মুম্বইয়ের ওয়াংখেড়ে স্টেডিয়ামে হওয়ার কথা ভারত-ওয়েস্ট ইন্ডিজ চতুর্থ একদিনের ম্যাচ।

কারণ লোধা কমিশনের সুপারিশ কার্যকর করতে গিয়ে মুম্বই ক্রিকেট অ্যাসোসিয়েশনে এই মুহূর্তে কোনও পদাধিকারী নেই। ফলে কোনও ফেন্ডারের বকেয়া অর্থ মেটাতে পারছে না এমসিএ। সম্প্রতি বিজয় হাজারে ট্রফিতেও খারাপ অবস্থার মধ্যে পড়তে হয়েছে তাদের। এই টুর্নামেন্টে বেঙ্গালুরুতে থাকা মুম্বই দলের হোটেল বিল মেটাতে পারেনি এমসিএ। এই নিয়ে বোর্ডের চিফ এক্সিকিউটিভ অফিসার রাহুল জোহরির সঙ্গে বৈঠকে বসতে চলেছে এমসিএ। নতুন সংবিধান কার্যকর করার আগে কাজ চালানোর জন্য এমসিএতে দুই সদস্যের কমিটি অফ অ্যাডমিনিস্ট্রেটর নিয়োগ করে বম্বে হাইকোর্ট।

বিচারপতি ভিএন কাঙ্ডে ও হেমন্ত গোখেলের দুই সদস্য কমিটির মেয়াদ শেষ হয়েছে ১৫ সেপ্টেম্বর। কিন্তু হাইকোর্ট তারপর আর কমিটির মেয়াদ বাড়ায়নি। ফলে খেলোয়াড়দের ডিএ এবং স্টাফেদের বেতন কোনও কিছুই দিতে পারেনি মুম্বই ক্রিকেট অ্যাসোসিয়েশন। এই ব্যাপারে ইতিমধ্যেই বোর্ডের কমিটি অফ অ্যাডমিনিস্ট্রেটরকে বিষয়টি জানানো হয়েছে। এমসিএতে পেমেন্ট দেওয়ার জন্য পদাধিকারী নেই যিনি সই করতে পারেন। ম্যাচ আয়োজন করার মতো কেউ নেই।

এই পরিস্থিতিতে আন্তর্জাতিক ম্যাচ আয়োজন করা প্রায় অসম্ভব। ভারত-ওয়েস্ট ইন্ডিজের পাঁচ ম্যাচের একদিনের সিরিজ শুরু হবে ২১ অক্টোবর গুয়াহাটিতে। এর আগে অবশ্য ১২ তারিখ থেকে দ্বিতীয় টেস্ট শুরু হচ্ছে হায়দরাবাদে। প্রথম টেস্টে ১ ইনিংস ও ২৭২ রানে জয় পাওয়ায় সিরিজে ১-০ ব্যবধানে এগিয়ে রয়েছে ভারত।

বিজয় হাজারে ট্রফিতে খেলবেন রোহিত শর্মা

মুম্বই, ৯ অক্টোবর: বিজয় হাজারে ট্রফিতে খেলবেন রোহিত শর্মা। বেঙ্গালুরুতে নকআউট পর্বের ম্যাচে মুম্বইয়ের হয়ে খেলতে দেখা যাবে টিম ইন্ডিয়ার ওপেনারকে। মুম্বই ক্রিকেট সংস্থার মুখ্য নির্বাচক অজিত আগরকার বলেছেন, রোহিত বিজয় হাজারেতে খেলবে। অধিনায়ক থাকবে শ্রেয়স আইয়ার।

বিরাট কোহলি বিশ্রাম নেওয়ায় এশিয়া কাপে টিম ইন্ডিয়াকে নেতৃত্ব দেন রোহিত। দলকে চ্যাম্পিয়নও করেন। রান করার পাশাপাশি তাঁর নেতৃত্বও প্রশংসিত হয়। কিন্তু ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে টেস্ট দলে রোহিত জায়গা পাননি। তাই বিজয় হাজারেতে খেলার সিদ্ধান্ত নিয়েছেন তিনি। মুম্বই কোচ বিনায়ক সামন্ত বলেছেন, রোহিতের মতো আন্তর্জাতিক মানের ক্রিকেটার থাকলে দল উপকৃত হবে। একদিনের বিশেষজ্ঞ ব্যাটসম্যান। একাই পার্থক্য গড়ে দেওয়ার ক্ষমতা রাখে। ১৪ অক্টোবর বিজয় হাজারের কোয়ার্টার ফাইনালে মুম্বই খেলবে বিহারের বিরুদ্ধে।

বিহারকে হারাতে পারলে মুম্বইকে সেমিফাইনাল খেলতে হবে ১৭ অক্টোবর। ফাইনাল ১৯ অক্টোবর। এদিকে, গুয়াহাটিতে ২১ অক্টোবর ভারত-ওয়েস্ট ইন্ডিজ সিরিজের প্রথম একদিনের ম্যাচে মুখোমুখি হবে। অর্থাৎ মুম্বই সেমিফাইনালে উঠলে রোহিতের খেলতে সমস্যা হওয়ার কথা নয়।

লাল বলে ভারতকে 'শিক্ষানবিশ' বলছেন রাহুল দ্রাবিড়

দুবাই, ৯ অক্টোবর: সদ্য সমাপ্ত ইংল্যান্ড সফরে টেস্ট সিরিজে ভারতীয় ব্যাটসম্যানদের ব্যর্থতার জন্য লাল বলে কম প্র্যাকটিসকে দায়ী করছেন রাহুল দ্রাবিড়। ভারত সাদা বলে দক্ষ হলেও লাল-বলে ভারতীয় ব্যাটসম্যানরা এখনও শেখার পর্যায়ে রয়েছেন। যেটা অনূর্ধ্ব-১৯ এবং ভারত-এ দল থেকে শুরু হওয়া উচিত বলে মনে করেন কিংবদন্তি ভারতীয় ব্যাটসম্যান। বিরাটদের ইংল্যান্ড সফরের সপ্তাহখানেক পর আইসিসিকে দেওয়া এক সাক্ষাৎকারে দ্রাবিড় বলেন, শিক্ষা একটি কনটিনিউ প্রসেস। এক বা দু'বছরে এটা শেষ হয়ে যাবে, এমন নয়। অনূর্ধ্ব ১৯ ও ভারত-এ দল থেকে এটা শুরু হওয়া উচিত। সাদা বলে আমরা যথেষ্ট দক্ষ এ ব্যাপারে আমি নিশ্চিত। কিন্তু লাল বলে আমাদের প্রতিভা তুলে ধরতে হবে। একটি উদাহরণ দিয়ে মিস্টার ডিপেন্ডেবল বলেন, যথার্থ প্রথম শ্রেণির ক্রিকেট খেলে আমি দারুণ উপকৃত হয়েছিলাম। এখন হয়তো সুচিতে অনেক পরিবর্তন হয়েছে। কিন্তু বিদেশ সফরে কোনও টেস্ট ম্যাচের আগে প্রথম শ্রেণির ম্যাচ খেললে দারুণ উপকৃত হওয়া সম্ভব। ইংল্যান্ডে চার টেস্টের সামনে ভারত। তারপর ঘরের মাঠে ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে সিরিজের প্রথম টেস্টে ইনিংস ও ২৭২ রানে জয় পায় ভারত। কিন্তু বিদেশ সফরে ভারতীয় ব্যাটিংয়ের ব্যর্থতা সম্পর্কে রাহুল বলেন, ভবিষ্যতে এটা আমাদের কাছে বড় চ্যালেঞ্জ। কারণ ভারতীয় দলে জায়গা ধরে রাখা সহজ নয়। এখন প্রচুর খেলা হচ্ছে। আগের থেকে এখন তাদের প্রতিভা দেখানোর বেশি সুযোগ রয়েছে। ঘরের মাঠে ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে দু'টেস্টের সিরিজের পর নভেম্বর অস্ট্রেলিয়া সফরে যাচ্ছে ভারত। অস্ট্রেলিয়ায় চার টেস্টের সামনে অস্ট্রেলিয়ায় ঘুরে দাঁড়ানোর বিরাট চ্যালেঞ্জ।

জেরেমির হাত ধরে যুব অলিম্পিকের আসরে প্রথম সোনা ভারতের

বুয়েনস আইরেস, ৯ অক্টোবর : মেসির দেশে গিয়ে ইতিহাস গড়লেন দশ বছর বয়সী ভারতীয় ভারোত্তোলক জেরেমি লালরিনুঙ্গা।

যুব অলিম্পিকে প্রথম ভারতীয় হিসাবে ব্যক্তিগত ইভেন্টে সোনা জিতে ইতিহাস তৈরি করল এই ভারতীয় যুবক। আইজলের বছর ১৫-র জেরেমি ৬২ কেজি বিভাগে সোনা জেতে। ঠিক ১০ বছর আগে বেজিং অলিম্পিকে ২০০৮ সালে ব্যক্তিগত বিভাগে সোনা জিতে ইতিহাস গড়েছিলেন শুটার অভিনব বিন্দ্রা। দশ বছর পর যুব অলিম্পিক থেকে দেশকে প্রথম সোনা এনে দিলেন ভারোত্তোলক জেরেমি লালরিনুঙ্গা। যুবকদের ভারোত্তোলনে ৬২ কেজি স্ন্যাচ ও ক্লিন অ্যান্ড জার্কে ১৫০ কেজি ভার তোলে জেরেমি। চলতি বছরের শুরুতে লালরিনুঙ্গা যুব বিশ্ব চ্যাম্পিয়নশিপে রুপো ও জুনিয়র এশিয়ান চ্যাম্পিয়নশিপে ব্রোঞ্জ জিতেছিল। ২০১০ সাল থেকে শুরু হওয়া যুব অলিম্পিকে এই প্রথম ভারতীয়দের মধ্যে

ব্যক্তিগত ইভেন্টে সোনা জিতে ইতিহাসে নাম তুলে নিল আইজলের এই যুবক। এই ইভেন্টে রুপো জিতেছেন তুরস্কের টপটাস ক্যানার। মোট ২৬৩ কেজি ভারোত্তোলন করেছে সে। অন্যদিকে বাঙালির জন্য রয়েছে একটি সুখবর। ১০ মিটার এয়ার রাইফেল ইভেন্টে রুপো জিতলেন তিনি। তবে সোনা যখন তার হাতের মুঠোয় তখনই বিপর্যয় নামে। শেষ শুটে মাত্র ৯.১ পয়েন্ট স্কোর করে যুব অলিম্পিকে সোনা হাতছাড়া করলেন তিনি। ২৪৮ পয়েন্ট স্কোর করলেন তিনি। তাঁকে হারিয়ে সোনা জিতলেন ডেনমার্কের স্টেফারি প্রডসোমি। তাঁর সংগ্রহ ২৪৮.৭ পয়েন্ট।

২০১৮ ব্যালন ডি'অরের প্রথম মনোনয়ন পেলেন রোনাল্ডো

লন্ডন, ৯ অক্টোবর : টানা ১৫ বছর ব্যালন ডি'অর মনোনয়নে স্থান রোনাল্ডোর। তবে এই বছর তাঁর সঙ্গে তালিকায় রয়েছেন ম্যাঞ্চেস্টার সিটির সার্জিও আগুয়েরো, রিয়াল মাদ্রিদের গ্যারেথ বেল, লিভারপুলের অ্যালিসন বেকার, রিয়াল মাদ্রিদের করিম বেঞ্জেমা, পিএসজির এডিনসন কাভানি, রিয়াল মাদ্রিদের থিওবাও কুর্তোয়া, ম্যাঞ্চেস্টার সিটির কেভিন ডি ব্রুইন, লিভারপুলের রবার্তো ফিরমিনো, অ্যাটলেটিকো মাদ্রিদের দিয়েগো গোডিন, অ্যাটলেটিকো মাদ্রিদের অ্যান্তোনিও গ্রিজম্যান, চেলসির এডেন হ্যাজার্ড, রিয়াল মাদ্রিদের ইসকো, টটেনহ্যামের হ্যারি কেন, চেলসির এনগোলো কান্তে, টটেনহ্যামের হুগো লরিস, জুভেন্তাসের মারিও মানজুকিচ, লিভারপুলের সাদিও মানে, রিয়াল মাদ্রিদের মার্সেলো, পিএসজির কিলিয়ান এমবাপ্পে, বার্সেলোনার লিওনেল মেসি, রিয়াল মাদ্রিদের লুকা মদ্রিচ, পিএসজির নেইমার, অ্যাটলেটিকো মাদ্রিদের জান ওবলাক, ম্যাঞ্চেস্টার ইউনাইটেডের পল পোগবা, বার্সেলোনার ইভান রাকিতিচ, রিয়াল মাদ্রিদের সার্জিও র‍্যামোস, লিভারপুলের মহম্মদ সালাহ, বার্সেলোনার লুইস সুয়ারেজ, রিয়াল মাদ্রিদের রাফায়েল ভারানে। গত দু'বছর সহ মোট পাঁচবার এই পুরস্কার জিতেছেন পর্তুগিজ স্ট্রাইকার। লিওনেল মেসির সঙ্গে সর্বাধিক পাঁচবার ব্যালন ডি'অর জেতার কৃতিত্ব রয়েছে তাঁর। ১৯৫৬ সাল থেকে বিশ্বের বর্ষসেরা ফুটবলারকে ব্যালন ডি অর পুরস্কার দিয়ে আসছে ফ্রান্সের একটি পত্রিকা। জার্নালিস্টদের একটি প্যানেল পুরস্কার প্রাপকদের নাম বেছে নেয়।

বাগানের লক্ষ্য প্রস্তুতি ম্যাচ, কিন্তু পাওয়া যাচ্ছে না দল

স্টাফ রিপোর্টার: চিরপ্রতিদ্বন্দ্বী ইস্টবেঙ্গল যখন চুটিয়ে প্রস্তুতি শিবির সারছে সুদূর মালয়েশিয়া, তখন কেমন যেন গুমরে সবুজ-মেরুনরা। এমনিতেই জাপানি মিডফিল্ডার ইউতা কিনোয়াকির চোট নিয়ে দুশ্চিন্তা মোহনবাগানে, তার উপর নতুন দুই বিদেশি কবে আসবেন তা এখনও নিশ্চিত করা যায়নি। সোমবার বিকেলেই অনুশীলনে ম্যাচের সময় গোড়ালিতে চোট পেয়েছিলেন ইউতা। যদিও কোচ শঙ্করলাল চক্রবর্তীর কথা অনুযায়ী, ওর চোট গুরুতর নয়। আই লিগ ম্যারাথন টুর্নামেন্ট। তাই চোট-আঘাতের কথা মাথায় রেখে ফুটবলারদের ফিটনেস ট্রেনিংয়ের জোর দিতে চান বাগান কোচ। তাই পুজোর চারদিনও ছুটি নেই শিল্টন-ডিকাদের। ফুটবলারদের রোজই সকালে একবেলা অনুশীলন করানোর পরিকল্পনা

সবুজ-মেরুন কোচের। এদিকে, বাকি সমস্যাগুলির মধ্যে বাগানে নয়া সমস্যা দেখা দিয়েছে টিম না পাওয়া। বাগান কোচের ইচ্ছে ছিল, আই লিগের আগে ইস্টবেঙ্গলের মতোই নিজের ফুটবলারদের প্রস্তুতি ম্যাচে নামানো। সেই অনুযায়ী, বুধবার অর্থাৎ আজ একটি প্রস্তুতি ম্যাচ খেলার ভাবনা শুরুরলালের। তারপরে ১২ ও ১৩ তারিখ আরও দুটি প্রস্তুতি ম্যাচের জন্যও কর্তাদের প্রস্তাব দিয়েছেন বাগান কোচ। ১৩ তারিখ অর্থাৎ শুক্রবার দুর্গাপুর সেল অ্যাকাডেমির সঙ্গে একটি প্রস্তুতি ম্যাচ খেলার কথা মোহনবাগানের। সেই ম্যাচটিতে প্রিন সিনাগাল মিললেও বাকি দু'দিনের দুটি ম্যাচ কাদের বিরুদ্ধে খেলবে তা এখনও চূড়ান্ত হয়নি। আসলে কলকাতা লিগ শেষ হয়ে যাওয়ার পরেই ক্লাবগুলি তাদের ফুটবলার ছেড়ে দিয়েছে। তাই প্রস্তুতি ম্যাচের জন্য প্রতিপক্ষই খুঁজে পাচ্ছে না সবুজ-মেরুনরা। কোনও দলই এই মুহূর্তে ১১ জন ফুটবলার দিতে পারছে না বাগানকে।

এবার সিনেমার পর্দায় দেখা যাবে আয়েশা নূরকে

সায়ন্তন সেন

বর্তমানে সারা কলকাতা খুঁজলে যে সকল ক্যারাটে কোচদের খুঁজে পাওয়া যাবে তাদের মধ্যে অন্যতম হলেন এম.এ.আলি। যাঁর হাত ধরে বিভিন্ন বস্তি এলাকা থেকে উঠে এসেছে বেশ কিছু ছেলে ও মেয়ে যারা ক্যারাটের মাধ্যমে নিজেদের কষ্টের জীবনে কিছুটা হলেও পরিবর্তন আনতে পেরেছে।

এদের মধ্যে যে নামটা সবার প্রথমে উঠে আসবে সে হল ২১ বছর তরুণী আয়েশা নূর। বস্তি এলাকা থেকে উঠে আসা পিতৃহারা মেয়ে আয়েশা। যে মৃগিরোগে আক্রান্ত। এই রোগের জন্য তার পিছনে প্রতিমাসে খরচ হয় আড়াই হাজার টাকা। যেটা তাজের অভাবের সংসারে তার মায়ের পক্ষে সামলানো অনেকটাই কঠিন। যদিও এই সব কষ্টের মধ্যেই দাঁতে দাঁত চিপে লড়াই করে গেছে আয়েশা। বিদেশ থেকে ঘরে নিয়ে এসেছে তিনটি স্বর্ণপদক। শুধু তাই নয়, প্রতি বছর ১ লক্ষ ছেলেমেয়েদের ও ক্যারাটে প্রশিক্ষণও দেয়। যে মেয়ে এইভাবে সকল প্রতিবন্ধকতার বিরুদ্ধে হাসিমুখে লড়াই করে গেছে, তিনটি স্বর্ণপদক জিতে দেশের মুখ উজ্জ্বল করেছে তার জন্য এবার রয়েছে একটি খুশির খবর। আয়েশাকে নিয়ে সিনেমা করতে কলকাতায় এসেছেন থাইল্যান্ডের পরিচালক করুণা বুয়াকুমসার এবং তাঁর ইতালির চিত্রগ্রাহক জিওভানি সিলিবার্তো। তাদের কলকাতায় আসা উপলক্ষ্যে কলকাতার পদ্মপুকুরে একটি সাংবাদিক সম্মেলনের আয়োজন করা হয়। যেখানে উপস্থিত ছিলেন থাইল্যান্ডের পরিচালক করুণা বুয়াকুমসার এবং তাঁর ইতালির চিত্রগ্রাহক জিওভানি সিলিবার্তো, ক্যারাটের জাতীয় সেক্রেটারি জয়দীপ রায়, ক্যারাটের জাতীয় সেক্রেটারি এসকে. গোলাম রাব্বানি এবং বিশিষ্ট ক্যারাটে কোচ এম.এ.আলি। এদিন এই অনুষ্ঠানে উপস্থিত সাংবাদিকদের জন্য বিশেষ আয়োজনের ব্যবস্থা করা হয়েছিল।

তাদের গোলাপ ফুল ও উত্তরীয় দিয়ে বরণ করার পাশাপাশি স্মারক হিসাবে একটি করে মেমেন্টোও দেওয়া হয়। এছাড়া অনুষ্ঠানে উপস্থিত বিশেষ অতিথিদের ফুলের তোড়া দিয়ে এবং উত্তরীয় পড়িয়ে বরণ করা হয়। থাইল্যান্ডের পরিচালক করুণা বুয়াকুমসার এই বিশেষ অনুষ্ঠানে এসে জানালেন,"আমি ব্যাংককে থাকার সময় আয়েশার বিষয়ে জানতে পারি, তারপর আমি যোগাযোগ করি। আমি খুব খুশি আয়েশাকে নিয়ে সিনেমা করতে পেরে। ও খুবই ভাল, মিষ্টি একটা মেয়ে। ওর ভবিষ্যতের জন্য অনেক শুভকামনা রইল।' ইতালির চিত্রগ্রাহক জিওভানি সিলিবার্তো জানালেন," ধন্যবাদ এরকম একটা ভাল সুযোগ করে দেওয়ার জন্য। কলকাতায় এসে খুবই ভাল লাগছে। একটা নতুন অভিজ্ঞতা হল।"

এম.এ.আলি জানালেন, "আয়েশা আমার ছাত্রীদের মধ্যে খুবই ভাল। ও যেভাবে ভাল পারফরম্যান্স করছে আমি খুবই গর্বিত। আমি চাইব আয়েশা অনেক দূর এগোক।"

প্রকাশক এবং মুদ্রক কটি দুর্গা রাও, স্বত্বাধিকারী : আশিষ লাহা, ৯৭/২, এম জি রোড, মিডিল পয়েন্ট, পোর্ট ব্লেয়ার-৭৪৪ ১০১ থেকে প্রকাশিত এবং ইকো প্রিন্টিং প্রেস, ডলিগঞ্জ, পোর্ট ব্লেয়ার-৭৪৪ ১০৩ থেকে মুদ্রিত, সম্পাদক : আশিস্ লাহা*(পিআরবি আইন অনুযায়ী প্রকাশিত সমস্ত সংবাদের জন্য দায়বদ্ধ)।
Printed and published by T Durga Rao, owned by Asish Laha and published from 97/2, M. G. Road, Middle Point, Port Blair-744 101 & printed at Echo Printing Press, Dollygunj, Port Blair-744 103. Editor : Asish Laha*(*responsible for selection of news under the PRB Act).